দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ২

140

## এসএসসি ও এইচএসসি পরীক্ষা ফি বৃদ্ধি প্রসঙ্গে

দেশের চারটি শিক্ষাবোর্ডে একযোগে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফি বৃদ্ধি করা হয়েছে। বেশ কয়েক বছর ধরে শিক্ষা বোর্ডগুলোর এই প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। ১৯৯৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফি প্রতি পত্রে পাঁচ টাকা হারে বৃদ্ধি করা হয়েছে। এ ছাড়া এসএসসি পরীক্ষার কেন্দ্র ফি দশ টাকা এবং এইচএসসি পরীক্ষার মানবিক বিভাগের জন্য কেন্দ্র ফি বিশ টাকা ও বিজ্ঞান বিভাগের জন্য চল্লিশ টাকা বৃদ্ধি করা হয়েছে। অন্যান্য বছরের তুলনায় বিলম্ব পরীক্ষার ফিও বৃদ্ধি করা হয়েছে। উল্লেখ্য যে, বোর্ডের এই ফি'র সাথে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অন্যান্য ফি বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশের ৮০ ভাগ লোক দারিদ্র্যসীমার নিচে বাস করছে। তাদের অর্থনৈতিক অবস্থা বিবেচনা করলে বৃদ্ধিপ্রাপ্ত ফি তাদের জন্য বোঝাস্বরূপ। তাই দরিদ্র ছাত্রদের জন্য এই ফি মেটানো অসম্ভব। আবার ১৯৯৩ সালের বাজেটে আমরা দেখছি শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ। তাই যদি হয় তার পরেও শিক্ষাখাতে ফি বাড়ছে কেন?

দেশের স্কুলছাত্রদের পক্ষ থেকে আমি এ বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি এবং সে সাথে ফি বৃদ্ধি না করার জন্য জোর আবেদন জানাচ্ছি।

সুব্রত কুমার সাহা
প্রাক্তন ছাত্র, নটরডেম কলেজ, ঢাকা।